

নতুন ধারার দৈনিক  
**আমাদেরশময়**

## পরীক্ষা ছাড়া এইচএসসি পাস করা শিক্ষার্থীরা ফেরত পাবেন যত টাকা

নিজস্ব প্রতিবেদক

১ ফেব্রুয়ারি ২০২১ ১২:০০ | আপডেট: ১ ফেব্রুয়ারি ২০২১ ১২:১৭



এ বছর এইচএসসি পাস করা শিক্ষার্থীরা ফরম পূরণ বাবদ টাকা থেকে বেশ কিছু পরিমাণ টাকা ফেরত পাচ্ছেন। পুরোনো ছবি

করোনাভাইরাসের কারণে পরীক্ষা ছাড়াই দেওয়া হয়েছে ২০২০ সালের এইচএসসি ও সমমানের ফল। এইচএসসি পরীক্ষার ফরম পূরণের সময় শিক্ষার্থীদের থেকে যে টাকা নেওয়া হয়েছে, সেই টাকার মধ্যে ব্যয় না হওয়া কেন্দ্র ও বোর্ড ফি ফেরত পাবেন শিক্ষার্থীরা।

গতকাল রোববার এ বিষয়ে বিজ্ঞপ্তি জারি করেছে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডে। শিক্ষার্থীরা কত টাকা করে ফেরত পাবে, তা ওই বিজ্ঞপ্তিতে প্রকাশ করা হয়েছে।

গত শনিবার দেওয়া হয়েছে এইচএসসি ও সমমানের পরীক্ষার ফল। ১১টি শিক্ষা বোর্ডের অধীন ১৩ লাখ ৬৭ হাজার ৩৭৭ জন পরীক্ষার্থীর সবাই পাস করেছে। শনিবার ফল প্রকাশের দিন শিক্ষামন্ত্রী দীপু মনি জানিয়েছিলেন, ফরম পূরণের নেওয়া অব্যয়িত টাকা পরীক্ষার্থীদের ফেরত দেওয়া হবে।

গতকাল জারি করা বিজ্ঞপ্তিতে বলা হয়, ফরম পূরণ করা পরীক্ষার্থীদের প্রবেশপত্রে উল্লেখ থাকা প্রতি পত্রের (এক বিষয়ে দুই পত্রও হয়) জন্য বোর্ড নির্ধারিত ফি থেকে প্রতি পত্রে (তত্ত্বায়) ৩০ টাকা করে এবং ব্যবহারিক বিষয়ের ক্ষেত্রে প্রতি পত্রে আরও ১০ টাকা করে ফেরত দেওয়া হবে। এই টাকা পরীক্ষার্থীদের নিজ নিজ শিক্ষাপ্রতিষ্ঠানে পাঠানো হবে। পরীক্ষার্থীরা তাদের প্রতিষ্ঠান থেকে এই টাকা গ্রহণ করবেন।

আর কেন্দ্র ফি থেকে পরীক্ষা প্রতি ২০০ টাকা করে দেওয়া হবে। তথ্য ও যোগাযোগ (আইসিটি) বিষয়ের পরীক্ষার্থীদের ক্ষেত্রে অতিরিক্ত আরও ২৫ টাকা করে ফেরত দেওয়া হবে। এ ছাড়া প্রবেশপত্রে উল্লেখ থাকা (আইসিটি বাদে) সব ব্যবহারিক বিষয়ে প্রতি পত্রে আরও অতিরিক্ত ৪৫ টাকা ফেরত দেওয়া হবে। সেই টাকা প্রতিষ্ঠান থেকে নিতে হবে।

বিজ্ঞপ্তিতে ফরম পূরণের অর্থ ব্যয়ের বিষয়টি উল্লেখ করা হয়েছে। ফরম পূরণ বাবদ আদায় করা অর্থের ১০ শতাংশ এবং আইসিটি ব্যবহারিক বিষয়ের জন্য আদায় করা ফি থেকে পরীক্ষার্থীপ্রতি ২০ টাকা ফরম পূরণ ও আনুষঙ্গিক কাজের জন্য ব্যয় নির্বাহ করবে। আর প্রতিটি শিক্ষাপ্রতিষ্ঠান পরীক্ষার্থীপ্রতি সংশ্লিষ্ট কেন্দ্রকে ১৬০ টাকা হারে দেবে। কেন্দ্র এই টাকা পরীক্ষার গোপনীয় কাগজ পরিবহন ও বোর্ডে জমা, সংরক্ষণ এবং প্রশাসনিক কাজে ব্যয় করবে।

**ভারপ্রাপ্ত সম্পাদক : মোহাম্মদ গোলাম সারওয়ার**

১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন: ৫৫০৩০০০১-৬ ফ্যাক্স: ৫৫০৩০০১১ বিজ্ঞাপন: ৮৮৭৮২১৯, ০১৭৬৪১১৯১১৮

ই-মেইল : news@dainikamadershomoy.com, editor@dainikamadershomoy.com

মন্তব্য ধারা ৪ টৈ নিক  
**আমাদের মন্তব্য**

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯

Privacy Policy